# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 13-07-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) জোকার আই আই এম-এ মনোবিদ তরুণীকে যৌন নির্যাতনের অভিযোগ খতিয়ে দেখতে কলকাতা পুলিশ, ৯ সদস্যের সিট গঠন করেছে। এই ঘটনায় স্বতঃপ্রণোদিত মামলা রুজু করেছে রাজ্য মহিলা কমিশন।

২) বিজেপি, কসবা ল কলেজের ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পদত্যাগ দাবি করেছে। দলের পক্ষ থেকে আজ কন্যা সুরক্ষা যাত্রার আয়োজন করা হয়।

৩) চাকরীতে পুনর্বহাল সহ একগুচ্ছ দাবিতে আগামীকাল নবান্ন অভিযানের ডাক দিয়েছেন চাকরীহারা শিক্ষক ও শিক্ষাকর্মীরা।

৪) বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের কথিত হেনস্থার প্রতিবাদে পথে নামছে তৃণমূল কংগ্রেস।

৫) গঙ্গা ভাঙন ও বন্যা নিয়ন্ত্রণে রাজ্যের সঙ্গে প্রতিবেশী বিহার ও ঝাড়খন্ডকে নিয়ে পারস্পারিক সমন্বয় ও সহযোগিতার ভিত্তিতে কাজের জন্য কেন্দ্র, গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশনকে চিঠি দিয়েছে।

৬) উত্তর পশ্চিম বঙ্গোপসাগর ও সংলগ্ন পশ্চিমবঙ্গ এবং উত্তর ওড়িশা উপকূলে ঘূর্ণাবর্তের প্রভাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস।

---

কলকাতার জোকার আই আই এম-এ এক মনোবিদ তরুণীকে যৌন নির্যাতনের অভিযোগ খতিয়ে দেখতে কলকাতা পুলিশ ৯ সদস্যের বিশেষ তদন্তকারী দল সিট গঠন করেছে। এর নেতৃত্বে রয়েছেন অ্যাসিসট্যান্ট কমিশনার পদমর্যাদার এক আধিকারিক। **ফরেন্সিক বিশেষজ্ঞেরা** ইতোমধ্যেই **ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করেছেন**। বয়েজ হস্টেলের যে ঘরে এই যৌন নির্যাতনের ঘটনা ঘটে বলে অভিযোগ, সেটিও সিল করে দেওয়া হয়েছে। অভিযুক্তের জামা কাপড়ও পরীক্ষার জন্য নিয়ে যাওয়া হয়েছে। করা হয়েছে তার মেডিকেল পরীক্ষাও। ক্যাম্পাসের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে। ধৃত ছাত্রের পরিবারের সদস্যদেরও হরিদেবপুর থানায় জিজ্ঞাসাবাদের জন্য ডাকা হয়েছে।

এদিকে, এই ঘটনায় স্বতঃপ্রণোদিত মামলা রুজু করেছে রাজ্য মহিলা কমিশন। চেয়ারপার্সন লীনা গঙ্গোপাধ্যায়ের নেতৃত্বে কমিশনের একটি দল আজ টালিগঞ্জে ডিসির অফিসে যায়।

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকও এই ঘটনায় প্রতিষ্ঠানের অধিকর্তার কাছে রিপোর্ট চেয়েছে। শিক্ষা প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজদুমদার বলেছেন, আইনশৃঙ্খলা রাজ্যের বিষয়, তাই পুলিশকেই উপযুক্ত ব্যবস্থা নিতে বলা হয়েছে।

উল্লেখ্য, ঐ তরুণীকে যৌন নির্যাতনের অভিযোগে ধৃত পরমানন্দ তোপ্পাওয়াকারকে ১৯শে জুলাই পর্যন্ত পুলিশি হেফাজতে পাঠানো হয়েছে।

আগেই জানানো হয়েছে, গত শুক্রবার সন্ধ্যায় পেশায় মনোবিদ ওই তরুণীকে কাউন্সেলিং-এর নাম করে কলেজ ক্যাম্পাসের বয়েজ হোস্টেলে ডেকে পাঠানো হয়। পরে মাদক মিশ্রিত পানীয় খাইয়ে অচৈতন্য করে তার ওপর নির্যাতন চালানো হয় বলে অভিযোগ।

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, পশ্চিমবঙ্গে শিক্ষা ব্যবস্থায় যে ঘুণ ধরেছে, শিক্ষা প্রতিষ্ঠানে এধরনের ধর্ষণের ঘটনা তারই প্রমাণ। শাসকদলের মদতেই এই ধরনের অন্যায় বলেও তার দাবি।

বাইট

----------------

এদিকে, বিজেপি কসবা ল কলেজের ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পদত্যাগ দাবি করেছে। এই ঘটনার প্রতিবাদে দলরে পক্ষ থেকে আজ পূর্ব মেদিনীপুরের কাঁথিতে কন্যা সুরক্ষা যাত্রার আয়োজন করা হয়। এতে অংশ নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেস সরকারের আমলে কোনো মহিলা সুরক্ষিত নয়। তাই এই সরকারকে অপসারিত করা প্রয়োজন। পাশাপাশি খেজুরিতে দুই বিজেপি কর্মীকে হত্যার ঘটনার প্রতিবাদ জানিয়ে শ্রী অধিকারী হিন্দু ঐক্যেরও বার্তা দেন। খেজুরির ঘটনার প্রতিবাদে তিনি আজ হিন্দু সুরক্ষা যাত্রাও করেন।

অন্যদিকে,খেজুরির ভাঙনমারি গ্রামে দুই দলীয় কর্মীর দেহ উদ্ধারের ঘটনায় বিজেপি আগামীকাল ১২ ঘণ্টার খেজুরি বনধের ডাক দিয়েছে। শুভেন্দু অধিকারীর নেতৃত্বে জনকা থেকে বিদ্যাপীঠ মোড় পর্যন্ত প্রতিবাদ মিছিল হবে। বিরোধী দলনেতার অভিযোগ,  পরিকল্পিতভাবেই তাদের খুন করা হয়েছে।

বাইট

উল্লেখ্য, গত শুক্রবার এক ধর্মীয় অনুষ্ঠানের পরদিন সুধীর পাইক ও সুজিত দাস নামে ঐ দুই বিজেপি কর্মীর মৃতদেহ উদ্ধার হলে চাঞ্চল্য ছড়ায়।

----------------

দক্ষিণ ২৪ পরগনার ঢোলাহাট থানা এলাকায় চতুর্থ শ্রেণীর এক পড়ুয়াকে একাধিকবার শ্লীলতাহানির ঘটনায় ধৃত সহকারী শিক্ষককে আজ কাকদ্বীপ মহাকুমা আদালতে তোলা হয়। তাকে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়েছে।

-----------------

চাকরিতে পুনর্বহাল সহ একগুচ্ছ দাবিতে আগামীকাল নবান্ন অভিযানের ডাক দিয়েছেন চাকরিহারা শিক্ষক, শিক্ষিকা ও শিক্ষাকর্মীরা। আইনি পথে যোগ্যদের চাকরি ফেরানো, ২২ লক্ষ ওএমআর শিটের মিরর ইমেজ প্রকাশ, অযোগ্যদের বরখাস্তের দাবিতে তাদের একাধিক সংগঠন এই কর্মসূচীতে সামিল হবে।

হাওড়া স্টেশন থেকে ফোরশোর রোড হয়ে মিছিল নবান্নের দিকে যাবে বলে যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহবুব মন্ডল জানিয়েছেন।

বাইট

এই কর্মসূচীর জন্য কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হচ্ছে, রাস্তায় রাস্তায় ব্যারিকেড বসাচ্ছে পুলিশ।

এছাড়াও ২১, ২২ ও ২৩-শে জুলাই দিল্লিতে আন্দোলনের ডাক দিয়েছেন চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা।

-----------------

পশ্চিমবঙ্গের বাংলাভাষী মানুষ ও পরিযায়ী শ্রমিকের বিভিন্ন রাজ্যে কথিত হেনস্থার অভিযোগ করে তার প্রতিবাদে সামিল হচ্ছে তৃণমূল কংগ্রেস। দলের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী বুধবার বেলা দুটো থেকে রাজ্যের সব সংগঠনিক জেলায় তারা

প্রতিবাদ মিছিল করবে। মূল মিছিলটি হবে কলকাতায় কলেজ স্কয়ার থেকে ধর্মতলা পর্যন্ত। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিরও এই মিছিলে থাকার কথা।

----------------

মুর্শিদাবাদের ডোমকল ব্লকের চাঁদের পাড়া গ্রামে কেরালা ফেরত এক পরিযায়ী শ্রমিকের মৃত্যুতে চাঞ্চল্য ছড়িয়েছে। শামসুদ্দিন শেখ নামে ঐ যুবক গতকাল বাজারে যান। রাতে কাঁটা কোপরা বাজার এলাকায় রাস্তার পাশে তার মৃতদেহ পড়ে থাকতে দেখা যায়। পরে পুলিশ গিয়ে মৃতদেহটি উদ্ধার করে। কি কারণে এই মৃত্যু তা খতিয়ে দেখা হচ্ছে।

----------------

গঙ্গা ভাঙন ও বন্যা নিয়ন্ত্রণে এই রাজ্যের সঙ্গে প্রতিবেশী বিহার ও ঝাড়খন্ডকে নিয়ে পারস্পরিক সমন্বয় ও সহযোগিতার ভিত্তিতে কাজ করার জন্য কেন্দ্রীয় সরকার, গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশনকে চিঠি দিয়েছে। জলশক্তি মন্ত্রকের যুগ্ম সচিব আর আর সাম্ভারিয়া সম্প্রতি কমিশনের চেয়ারম্যান সন্দীপ রজনকে লেখা চিঠিতে তিন রাজ্যের সঙ্গে আলোচনার মাধ্যমে প্রকল্পের কাজ এগিয়ে নিয়ে যাওয়ার কথা বলেছেন ।

পাশাপাশি ওই চিঠিতে রাজ্যের গঙ্গা পাড়ের ১৬৩ দশমিক ৫ কিলোমিটার অংশের ভাঙন এবং বন্যা নিয়ন্ত্রণে ব্যবস্থা নেওয়ার কথা বলাও হয়েছে।

উল্লেখ্য ভাঙ্গনের জেরে মানুষের সমস্যার কথা তুলে ধরে এর আগে একাধিকবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে চিঠি লিখেছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

----------------

উত্তর পশ্চিম বঙ্গোপসাগর ও সংলগ্ন পশ্চিমবঙ্গ এবং উত্তর ওড়িশা উপকুলে একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। আগামী ২৪ ঘন্টায় সেটির নিম্নচাপ অঞ্চলে পরিণত হওয়ার

সম্ভাবনা। এর প্রভাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুর জেলায় আজ মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা। এই দুই জেলার পাশাপাশি কলকাতা, হাওড়া, হুগলী, নদীয়া, বীরভূম, উত্তর ২৪ পরগণা, দুই বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া এবং মুর্শিদাবাদ জেলায় কমলা সতর্কতা জারি করা হয়েছে।

উত্তরবঙ্গে দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার ও জলপাইগুড়িতেও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে।

উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকবে। মৎস্যজীবীদের আগামী ২৪ ঘন্টায় গভীর সমুদ্রে পারি না দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

-----------------

পশ্চিম মেদিনীপুরের ঘাটালে বন্যার জলে ডুবে দুই ব্যক্তির মৃত্যুর খবর পাওয়া গেছে। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, অজবনগর এলাকার বাসিন্দা নিতাই ডোগরা গতকাল থেকেই নিখোঁজ ছিলেন। বিপর্যয় মোকাবিলা বাহিনীর সাহায্যে তল্লাশি চালামো হচ্ছিল। আজ সকালে তার দেহ বন্যার জলে ভাসতে দেখা যায়। সেটি ময়না তদন্তে পাঠানো হয়েছে।

অন্যদিকে, দাসপুরে রাজনগর গ্রাম পঞ্চায়েতের পশ্চিম এলাকায় ঝড়ু জানা নামে এক মধ্যবয়স্ক ব্যক্তিও গতকাল দুপুর থেকেই নিখোঁজ ছিলেন। আজ সকালে বিপর্যয় মোকাবিলা বাহিনীর সদস্যরা জল থেকে তার দেহ উদ্ধার করে।

এদিকে, বর্ধমানের বুদবুদ রণডিহা ড্যাম সংলগ্ন দামোদরে স্নান করতে নেমে এক বৃদ্ধ তলিয়ে গেছেন। বাদল বাগদি নামে বছর ৬৫-র ঐ ব্যক্তির বাড়ি বুদবুদ থানারই চাক তেঁতুল গ্রামে। পুলিশ ও অসামরিক প্রতিরক্ষা বাহিনী স্পিড বোট এবং ডুবুরির সাহয্যে তার সন্ধানে তল্লাশি চালাচ্ছে। তবে এখনও সন্ধান মেলেনি। ঐ বৃদ্ধ মানসিক ভারসাম্যহীন ছিলেন বলে জানা গেছে।

----------------

উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জ এ আজ দুপুর বেলা মাঠে কাজ করতে গিয়ে বজ্রাঘাতে মৃত্যু হয়েছে দুজনের। মৃত ব্যক্তিদের নাম রুমা দেবশর্মা এবং ভুপাল দেব শর্মা। দুপুরে মাঠে চাষের কাজ করতে গিয়ে বাজ পড়ে আহত হন তাঁরা। কালিয়াগঞ্জ স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে গেলে দুজনকেই মৃত ঘোষণা করা হয়।

----------------

চলতি জুলাই থেকে অক্টোবর বছরে এই চার মাস রাজ্যে চা পাতার উৎপাদন হয় সবচেয়ে বেশি। ছোট চা বাগানগুলির সংগঠন সিস্টার দাবি, এই সময়ে পাতার দাম উৎপাদন খরচের নিচে নেমে যায়। অথচ রাজ্যের মোট উৎপাদিত ৪৩ কোটি কেজি চায়ের মধ্যে ৬৪ শতাংশ উৎপাদন করেন তাঁরা। ফলে প্রবল আর্থিক সংকটের সম্মুখীন এই ছোট ক্ষেত্রগুলি। এই পরিস্থিতিতে বিশেষ সুরক্ষা প্রকল্প চেয়ে কেন্দ্রকে চিঠি দিলেন ছোট চা বাগানের মালিকরা। একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

---------------- ----------------